বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড
BANGLADESH COMMERCE BANK LTD.
BCB
Service With Trust
প্রধান কার্যালয় ঃ ইউনুস ট্রেড সেন্টার, লেভেল-২২, ৫২-৫৩, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, পিএবিএক্স ঃ ৯৫৫৯৮৩১, ৯৫৭১৫৮১, ৯৫৮৫৭০৩
**Corporate Office :** Eunoos Trade Center, Level-22, 52-53, Dilkusha C/A, Dhaka-1000, PABX : 9559831, 9571581, 9585703
Hot Line: 16270, Fax : 88-02-9568218, E-mail : info@bcbl.com.bd, SWIFT : BCBLBDDH, G.P.O. Box No. 475

প্রধান কার্যালয়
সংস্থাপন ও জেনারেল সার্ভিসেস বিভাগ

বিসিবিএল/প্রকা/সংস্থা/২০২১/ ৯০১২৬ তারিখ ঃ ০২/১১/২০২১ইং

## ২০২২ সালের দেয়াল ক্যালেন্ডার মুদ্রণের জন্য দরপত্র আহ্বান

বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ এর ২০২২ সালের দেয়াল ক্যালেন্ডার মুদ্রণের লক্ষ্যে দেশের সুপ্রতিষ্ঠিত মুদ্রণ প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত স্পেসিফিকেশন ও শর্ত সাপেক্ষে সীলগালাকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে ঃ

**২০২২ সালের দেয়াল ক্যালেন্ডার মুদ্রণের স্পেসিফিকেশনঃ**

| | | | |
|---|---|---|---|
| ক্যালেন্ডারের পরিমাণ | ঃ | ৭০,০০০ (সত্তর হাজার) সংখ্যক দেয়াল ক্যালেন্ডার | |
| খামের পরিমাণ | ঃ | ২০০০ (দুই হাজার) সংখ্যক দেয়াল ক্যালেন্ডারের খাম | |
| ক্যালেন্ডারের পরিমাপ | ঃ | ২২" * ১৬" ( বাইশ ইঞ্চি * ষোল ইঞ্চি) | |
| কাগজ | ঃ | ক্যালেন্ডারঃ | ১৫০ জিএসএম আর্ট পেপার, ০৪ (চার) কালার বিশিষ্ট। |
| | | কভার শীটঃ | ৬০ জিএসএম অফসেট পেপার, সিঙ্গেল কালার প্রিন্ট। |
| | | খামঃ | ৮০ জিএসএম অফসেট পেপার, সিঙ্গেল কালার প্রিন্ট। |
| পৃষ্ঠা | ঃ | ০৭ (সাত) পাতা (১ পাতা কভার সহ ১২ মাসের জন্য ৬ পাতা প্রতি পৃষ্ঠায় এক পাশে ০২ মাসের নাম মুদ্রণ হবে) | |
| কালার | ঃ | ক্যালেন্ডার ঃ | ০৪ (চার) কালার বিশিষ্ট |
| | | কভার শীট ঃ | ০১ (এক) কালার বিশিষ্ট |
| | | খাম ঃ | ০১ (এক) কালার বিশিষ্ট |
| ব্যাক বোর্ড | ঃ | প্রতিটি ক্যালেন্ডারে সিলিকন পেষ্ট যুক্ত (৩০০+৩০০) অর্থাৎ ৬০০ জিএসএম এর ১৭"*৪" সাইজের ব্যাক বোর্ড থাকতে হবে। | |
| বাইন্ডিং | ঃ | ফরেন ওয়েরো বাইন্ডিং। | |
| ছাপা/মুদ্রণ | ঃ | নমুনা অনুযায়ী ৪ রং এর ছবি/দৃশ্য ছাপা হবে। গাঢ় কাল কালিতে তারিখ, লাল কালিতে ছুটি, রয়েল ব্লু কালিতে ব্যাংক ও নমুনা মোতাবেক মনোগ্রাম মুদ্রণ করতে হবে। দরপত্রের সাথে ক্যালেন্ডারের পূর্নাঙ্গ ডিজাইনের ডামি তৈরী করে দাখিল করতে হবে। সরবরাহকারী প্রতিষ্ঠানকে ব্যাংকের চাহিদা মোতাবেক ছবি/দৃশ্য সরবরাহ করতে হবে। ক্যালেন্ডারে ইংরেজী সনের পাশাপাশি বাংলা ও আরবী সন থাকতে হবে। ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নকশা অনুযায়ী ক্যালেন্ডার মুদ্রণ করতে হবে। | |

| ক্র/নং | বিবরণ | পরিমান/সংখ্যা | একক দর (টাকা) অংকে ও কথায় | মোট প্রদত্ত (টাকা) অংকে ও কথায় |
|---|---|---|---|---|
| ০১ | দেয়াল ক্যালেন্ডার-২০২২ | ৭০,০০০ (সত্তর হাজার) দেয়াল ক্যালেন্ডার | | |
| ০২ | দেয়াল ক্যালেন্ডার এর খাম | ২,০০০ (দুই হাজার) খাম | | |
| | | | সর্বমোট টাকা | |

বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড
BANGLADESH COMMERCE BANK LTD.
BCB
Service With Trust
প্রধান কার্যালয় ঃ ইউনুস ট্রেড সেন্টার, লেভেল-২২, ৫২-৫৩, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, পিএবিএক্স ঃ ৯৫৫৯৮৩১, ৯৫৭১৫৮১, ৯৫৮৫৭০৩
**Corporate Office :** Eunoos Trade Center, Level-22, 52-53, Dilkusha C/A, Dhaka-1000, PABX : 9559831, 9571581, 9585703
Hot Line: 16270, Fax : 88-02-9568218, E-mail : info@bcbl.com.bd, SWIFT : BCBLBDDH, G.P.O. Box No. 475

প্রধান কার্যালয়

সংস্থাপন ও জেনারেল সার্ভিসেস বিভাগ

**শর্তাবলীঃ**

১. ০২-১১-২০২১ তারিখ হতে ০৮-১১-২০২১ইং তারিখ রোজ সোমবার বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত বিসিবিএল, সংস্থাপন ও জেনারেল সার্ভিসেস বিভাগ হতে দরপত্র সংগ্রহ করতে হবে এবং আগামী ১০-১১-২০২১ইং তারিখ রোজ বুধবার দুপুর ১:০০ ঘটিকার মধ্যে সিনিয়র সহকারী ভাইস প্রেসিডেন্ট ও বিভাগীয় প্রধান, সংস্থাপন ও জেনারেল সার্ভিসেস বিভাগ, বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ইউনুস সেন্টার, ৫২-৫৩ দিলকুশা, ঢাকা-১০০০ এর বরাবরে ভবনের লেভেল-২২ এ রক্ষিত টেন্ডার বাক্সে ও etender@bcbl.com.bd দরপত্র জমা করতে হবে এবং একই দিন বিকাল ৩:৩০ ঘটিকার সময় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন দরপত্র গৃহীত হবে না।

২. বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতি কিংবা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর সদস্য পদের হাল নাগাদ সনদপত্র, ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন, টিআইএনসহ আয়কর পরিশোধের হালনাগাদ সনদ পত্র, ব্যাংক সলভেন্সি সংক্রান্ত সনদ পত্র , ৩(তিন) বছরের মুদ্রণ কাজের অভিজ্ঞতা এবং ব্যাংক অথবা স্বনামধন্য প্রতিষ্ঠান হতে ২৫,০০,০০০.০০ টাকার মুদ্রণ কাজের একক কার্যাদেশ প্রযোজ্য প্রয়োজনীয় কাগজপত্র দরপত্রের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে।

৩. টেন্ডার সিকিউরিটি মানি হিসেবে ৭০,০০০ (সত্তর হাজার) দেয়াল ক্যালেন্ডার ও ২,০০০ (দুই হাজার) সংখ্যক খাম মুদ্রণের জন্য ৭৫,০০০/-(পঁচাত্তর হাজার) টাকার পে-অর্ডার বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে ইস্যু করতঃ সংশ্লিষ্ট দরপত্রের সহিত সংযুক্ত করে দিতে হবে। টেন্ডার সিকিউরিটি মানি ছাড়া কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না। টেন্ডার সিডিউল মূল্য ২৫০০.০০ টাকা।

৪. একক দর এবং মোট মূল্য টাকার অংকে উদ্বৃত করতে হবে। একক দরে কাগজের মূল্য, প্রিন্টিং খরচ, পরিবহন খরচ, ওভারহেড খরচ, ভ্যাট, ট্যাক্স, লাভ, ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক প্লেট তৈরী ইত্যাদি সকল খরচ অন্তর্ভূক্ত থাকবে। এর জন্য অতিরিক্ত কোন খরচ দাবী করা যাবে না। সংশোধন করার প্রয়োজনে যদি কোন সংশোধন করা হয় এবং এর জন্য একাধিকবার প্লেট পরিবর্তন করার প্রয়োজন হলে তা করতে হবে এবং এর জন্য উদ্বৃত দরের অতিরিক্ত কোন দর/টাকা দাবী করা যাবে না।

৫. ব্যাংক হতে ক্রয়কৃত সিডিউলে এবং নিজস্ব প্যাডে দরপত্র দাখিল করতে হবে। দাখিলকৃত সিডিউল ও সংযুক্ত সকল কাগজপত্রাদি প্রতিষ্ঠানের সীলমোহর সহ মালিক/অনুমোদিত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। অকৃতকার্য দরদাতাদের টেন্ডার সিকিউরিটি মানি যথাসময়ে ফেরৎ দেয়া হবে।

৬. কার্যাদেশ গ্রহণের তারিখ থেকে নমুনা অনুমোদনসহ ১৫(পনের) দিনের মধ্যে সমুদয় ক্যালেন্ডার মুদ্রণপূর্বক সরবরাহ করতে হবে। অন্যথায় টেন্ডার সিকিউরিটি মানি বাজেয়াপ্তসহ কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।

৭. সরবরাহকৃত ক্যালেন্ডার এর গুণগত মান সঠিক না হলে ব্যাংক কর্তৃক ধার্যকৃত জরিমানা পরিশোধে দরপত্রদাতা প্রতিষ্ঠান বাধ্য থাকবেন।

৮. নির্ধারিত সময়ের মধ্যে ক্যালেন্ডার সরবরাহ করতে ব্যর্থ/বিলম্ব হলে ব্যাংক কর্তৃক ধার্যকৃত জরিমানা পরিশোধে মুদ্রণকারী প্রতিষ্ঠান বাধ্য থাকবেন।

৯. চূড়ান্ত মুদ্রণের পূর্বে অবশ্যই মেশিন প্রুফ দেখাতে হবে এবং প্রয়োজনে সংশোধন করে দিতে হবে।

১০. সর্বনিম্ন দরদাতার দরপত্র গ্রহণে ব্যাংক কর্তৃপক্ষ বাধ্য নহে। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ/বাতিল অথবা সকল দরপত্র বাতিলের অধিকার ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১. মুদ্রণ কাজের জন্য কোনরূপ অগ্রীম প্রদান করা হবে না। যথাযথভাবে সম্পূর্ণ মালামাল সরবরাহের পর বিল পরিশোধ করা হবে।

**নাজিম আনওয়ার**
সিনিয়র সহকারী ভাইস প্রেসিডেন্ট ও বিভাগীয় প্রধান
সংস্থাপন ও জেনারেল সার্ভিসেস বিভাগ